

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম**  
**(রাজস্ব শাখা)**  
**www.kurigram.gov.bd**

বিষয়: আগস্ট ২০২৪ মাসে অনুষ্ঠিত “সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প” এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ  
সভাপতি : জেলা প্রশাসক, কুড়িগ্রাম।  
সভার তারিখ : ২৫ আগস্ট, ২০২৪ খ্রি।  
সভার সময় : সকাল ১১.০০ টা।  
সভার স্থান : সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।  
বিদেশ মাস : জুলাই ২০২৪  
উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং ২৮/৭/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা হয়। অতঃপর এ মাসের আলোচ্যসূচি মোতাবেক ধারাবাহিকভাবে নির্মান বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃনং	বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	<p><b>গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:</b>  সভার প্রারম্ভে ২৮/০৭/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন।</p>	<p>কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।</p>	<p>১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),  কুড়িগ্রাম।  ২। উপজেলা নির্বাহী অফিসার(সকল),  কুড়িগ্রাম।  ৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল),  কুড়িগ্রাম।</p>
২	<p><b>উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস ভবন মেরামত/ সংস্কার সংক্রান্ত:</b>  অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা ভূমি অফিস, পৌর ও ইউনিয়ন ভূমি অফিস পুন: নির্মাণ/মেরামত/সংস্কার করার বিষয়ে বিস্তারিত সভায় উপস্থাপন করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভায় অবহিত করেন চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে বর্ণিত খাতে ভূমি মন্ত্রণালয় হতে কোন বরাদ্দ পাওয়া যায়নি।  ২০২৩-২০২০৪ অর্থবছরের প্রাপ্ত বরাদ্দের প্রেক্ষিতে মেরামত ও সংরক্ষণ কাজ শৰ্ত যথাযথভাবে প্রতিপালন ও মানসম্মতভাবে সম্পন্ন হয়েছে কি না তা যাচাই/সরেজমিন পরিদর্শনপূর্বক উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)(সকল) কুড়িগ্রামকে বিস্তারিত প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।  ২০২৪-২০২৫ অর্থবছরে কুড়িগ্রাম জেলার মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস এর সংখ্যা ও প্রকৃত চাহিদা আগামী রাজস্ব সভার পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হলো।</p>	<p>(১) ২০২৩-২০২৪ অর্থবছরে মেরামত/ সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/ পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর ভবন মেরামত ও সংস্কারের নিমিত্ত প্রাপ্ত বরাদ্দ দ্বারা আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কি না তা পর্যালোচনা এবং মেরামত/ সংস্কার এর ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল নিরীক্ষাতে প্রদান করতে হবে।  (২) ২০২৪-২০২৫ অর্থবছরে কুড়িগ্রাম জেলার মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/ পৌর ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস এর সংখ্যা ও প্রকৃত চাহিদা আগামী রাজস্ব সভার পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),  কুড়িগ্রাম।  ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),  কুড়িগ্রাম।  ৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল),  কুড়িগ্রাম।</p>

ক্রঃ নং	বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩	<p><b>জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা:</b></p> <p>কুড়িগ্রাম জেলায় নির্মিত উপজেলা ভূমি অফিস, পৌর ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকরণে নির্মাণ কাজের তদারকি করার জন্য সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়, ঢাকার ২৯/০৮/২০১৮ তারিখে- ৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪. ১৭ ৪৯৯ নং স্মারক মোতাবেক ইতোপূর্বে জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় মর্মে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবস্থিত করেন। জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনাও প্রদান করা হয়েছে। নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিতকরণের নিমিত্ত জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে। সভা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।</p>	<p>প্রত্যেকটি উপজেলা ভূমি অফিস/ পৌর ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ/মেরামত/ সংস্কার কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে।</p>	<p>১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।    ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।    ৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম।</p>

সভায় উপস্থিত সকল সদস্যগণের উপর্যুক্ত মতামত ও আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হলো:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(১)	প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে।	<p>১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।    ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।    ৩। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।    ৪। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম।</p>
(২)	আগামী রাজস্ব সভার পূর্বেই ২০২৪-২০২৫ অর্থবছরে মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর সংখ্যা ও প্রকৃত চাহিদা ও কার্যালয়ে প্রেরণ করতে হবে।	১। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাঠ পর্যায়ের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম গতিশীল ও জনবাক্তব্য করার জন্য সর্বাধিক গুরুত্ব আরোপ করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ সাইদুল আরীফ)

জেলা প্রশাসক

কুড়িগ্রাম

ও

সভাপতি


“সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প”  
 এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের  
 জেলা মনিটরিং কমিটি।

স্মারক নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮. ১০৬২

তারিখ: ১৮ ভাদ্র, ১৪৩১  
০২ সেপ্টেম্বর, ২০২৪

অনুলিপি সদয় অবগতি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), কুড়িগ্রাম।
- ৮। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।
- ৯। সহকারী কমিশনার (ভূমি),.....(সকল) কুড়িগ্রাম।
- ১০। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অফিস কপি।

  
জেলা প্রশাসক  
কুড়িগ্রাম  
